

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৩৭

কমলপুর, ২৭ নভেম্বর, ২০২৩

কমলপুরে দু'দিন ব্যাপী রাসলীলা উৎসব ও মেলা
রাসলীলা উৎসব শান্তি ও সম্প্রীতিকে আরও সুন্দর করে : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

কমলপুরের কুচাইনালায় গতকাল থেকে শুরু হয়েছে দু'দিন ব্যাপী রাসলীলা উৎসব ও মেলা। কুচাইনালার শ্রী শ্রী গ্রীনপ্রভু নাটমন্দির প্রাঙ্গণে এই উৎসব ও মেলার সূচনা করেন কেন্দ্রীয় সামাজিকন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার, সমাজসেবী শ্যামল কাণ্ঠি পাল, সমাজসেবী সন্তোষ দাস প্রমুখ। কুচাইনালা রাস উৎসব কমিটি, মহকুমা প্রশাসনের উদ্যোগে ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহায়তায় আয়োজিত এই উৎসব ও মেলার উদ্বোধন করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, ভগবান শ্রীকৃষ্ণের রাসলীলা আমাদের জীবনের এক বিশেষ দিক নির্দেশক। জগতে ভালোবাসাই সব কিছু। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, কুচাইনালায় এই রাস উৎসবকে কেন্দ্র করে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে মানুষের যে সম্মেলন প্রতিবছর হয় সেটাই আমাদের শান্তি ও সম্প্রীতিকে আরও সুন্দর করে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রা শুরু করেছেন। আমাদের রাজ্যও এর সূচনা হয়েছে। দু'দিনব্যাপী রাস উৎসব ও মেলা উপলক্ষে মহকুমা প্রশাসন, ব্লক প্রশাসন ও অন্যান্য দপ্তরের উদ্যোগে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জন কল্যাণকর প্রকল্পের বিষয়ে প্রদর্শনী স্টল খোলা হয়েছে।
